

146122 - মেয়ে শিশুর নাম 'হাওয়া' রাখা কি জায়েয

প্রশ্ন

মেয়ে শিশুর নাম 'হাওয়া' রাখা কি জায়েয?

প্রিয় উত্তর

মেয়ে শিশুর নাম 'হাওয়া' রাখা জায়েয। এতে কোন আপত্তি নেই। কেননা যে কোন নাম রাখার মূল বিধান বৈধতা ও জায়েয হওয়া; যতক্ষণ পর্যন্ত না তাতে শরিয়তে নিষিদ্ধ কিছু থাকে কিংবা খারাপ কোন অর্থ থাকে।

আরও জানতে দেখুন: [7180](#) নং প্রশ্নোত্তর।

সালাফদের কাছে এ নামটি মশহুর ছিল। নারী সাহাবীদের মধ্যে একজন ছিলেন:

হাওয়া বিনতে ইয়াযিদ বিন আস-সাকান। ইবনুল আছির বলেন: “তিনি আনসারদের মধ্যে বায়াতকারী নারী ছিলেন। যিনি তার স্বামী কাইস বিন আল-খাতিমের আগে ইসলাম গ্রহণ করেছিলেন। তিনি ছিলেন ইয়াযিদ বিন আস-সাকানের মেয়ে।”[সমাণ্ড]

[উসদুল গাবাহ (৭/৭৩) এবং দেখুন: আল-ইসাবা ফি তাময়িযিস সাহাবা (৭/৫৮৮)]

আল্লাহ্ই সর্বজ্ঞ।